

মানচিত্রে আব্দুজ জহর সেতুর অবস্থান



আব্দুজ জহর সেতু

শুভ উদ্বোধন

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

তারিখ : ০৫ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

পটভূমি

সুনামগঞ্জ জেলা বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত। প্রাকৃতিক সম্পদের জন্য সুনামগঞ্জের সুখ্যাতি দীর্ঘ দিনের। জেলার অধিকাংশ এলাকা নদী, হাওর ও নীচু জলাভূমি পরিবেষ্টিত হওয়ায় জেলায় সহজ সড়ক যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেনি। সুরমা নদী সুনামগঞ্জ জেলা সদরের পাশ দিয়ে প্রবাহিত হয়েছে। নদীটি জেলার উত্তর অংশে বিশ্বম্ভরপুর, তাহিরপুর, জামালগঞ্জ ও ধর্মপাশা উপজেলার বিশাল জনপথকে জেলার বাকী অংশ থেকে বিচ্ছিন্ন করে রেখেছিল। সেতুটি নির্মিত হওয়ায় জেলার উত্তর অংশের সাথে জেলা শহরের সহজ যোগাযোগ স্থাপিত হল। এতে পণ্য ও প্রাকৃতিক সম্পদ নিরবচ্ছিন্নভাবে পরিবহনের সুযোগ সৃষ্টি হয়েছে।

আব্দুজ জহুর সেতুটি সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়কের ১ম কিলোমিটারে মল্লিকপুরে সুরমা নদীর উপর অবস্থিত। ২০০৫-২০০৬ অর্থ বৎসরে সুরমা সেতু নির্মাণ প্রকল্পের কার্যক্রম শুরু করা হলেও নির্ধারিত সময়ে শেষ হয়নি। অক্টোবর ২০১২ মাসে সেতুটি পুনরায় এডিপিতে অন্তর্ভুক্ত করে ৭১.১৩ কোটি টাকা ব্যয়ে জুন ২০১৫ মাসে সমাপ্ত করা হয়।

সেতুটি নির্মিত হওয়ায় এলাকার জনগণের দীর্ঘ দিনের প্রত্যাশা পূরণ হল। সেতুটি নির্মাণের ফলে এ এলাকায় উৎপাদিত কৃষিপণ্য, মৎস সম্পদ, পাথর, বালি, সিমেন্ট ইত্যাদি সহজেই সড়ক পথে রাজধানীসহ দেশের অন্যান্য অঞ্চলে পরিবহন সহজতর হবে। পর্যটকরা সুনামগঞ্জের বিখ্যাত পর্যটন কেন্দ্র টাঙ্গুয়ার হাওর সড়ক পথে সহজেই ভ্রমণ করতে পারবেন। ফলে এলাকার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ জাতীয় অর্থনীতিতে সেতুটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



সেতু নির্মাণের পূর্বে নৌকায় পারাপার



নবনির্মিত আব্দুজ জহুর সেতু



টাঙ্গুয়ার হাওর

প্রকল্প পরিচিতি

প্রকল্পের নাম	: সুনামগঞ্জে সুরমা নদীর উপর সেতু নির্মাণ
প্রশাসনিক মন্ত্রণালয়	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প সমাপ্তির তারিখ	: ৩০ জুন ২০১৫
প্রকল্প ব্যয়	: ৭১.১৩ কোটি টাকা
প্রকল্পের অর্থায়ন	: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও Japan Debt Cancellation Fund (JDCF)
সেতুর অবস্থান	: সুনামগঞ্জ-কাঁচিরগাতি-বিশ্বম্ভরপুর সড়কের ১ম কিলোমিটার (মল্লিকপুর)
সেতুর ধরণ	: পাইল ফাউন্ডেশনের উপর পিসি গার্ডার ও স্টীল ট্রাস
সেতুর দৈর্ঘ্য	: ৪০২.৬১ মিটার
সেতুর প্রস্থ	: ১০.২৫ মিটার (উভয় পার্শ্বে ফুটপাথ সহ)
স্প্যান সংখ্যা	: ৭ টি ৬টি পি.সি গার্ডার ও ১টি স্টীল ট্রাস
পিয়ার সংখ্যা	: ৬ টি
এ্যাভারটমেন্ট সংখ্যা	: ২ টি
ফাউন্ডেশনের ধরণ	: কাষ্ট-ইন-সিটু আরসিসি পাইল
নেভিগেশন ক্লিয়ারেন্স	: ভার্টিক্যাল ক্লিয়ারেন্স ১২.২০ মিটার (সর্বোচ্চ বন্যা সীমার উপরে) হরাইজন্টাল ক্লিয়ারেন্স ১১৫.০০ মিটার
এপ্রোচ সড়কের দৈর্ঘ্য	: ১৫৩০.০০ মিটার সুনামগঞ্জ প্রান্তে ৮৩০.০০ মিটার বিশ্বম্ভরপুর প্রান্তে ৭০০.০০ মিটার